বার্ষিক প্রতিবেদন ২০১৫

১৪২১-১৪২২ বঙ্গাব্দ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.ntrca.gov.bd

এ এম এম আজহার
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

মুখবন্ধ

একজন শিক্ষক সমাজে জ্ঞানের সঞ্চারণ ও বিকাশে অন্যতম মূখ্য ভূমিকা পালন করেন। ভবিষ্যৎ উপযোগী জ্ঞান বিজ্ঞানে জাতিকে সমৃদ্ধ করা এবং সংকট মোকাবেলার জন্য প্রস্তুত করার দায়িত্বও অনেকাংশে একজন সচেতন শিক্ষক নিয়ে থাকেন। আধুনিক জ্ঞান সমৃদ্ধ মানুষই হতে পারেন একজন যোগ্য ও দক্ষ শিক্ষক। বাংলাদেশে প্রায় ৩৩,০০০ (তেত্রিশ হাজার) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে; যা দেশের সমগ্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৯৮%। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যোগ্য ও দক্ষ শিক্ষক নির্বাচনের লক্ষে ২০০৫ সালে একটি আইনের মাধ্যমে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) নামে একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়। জাতিকে দক্ষ মানব সম্পদে পরিণত করার প্রয়াসে বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার জন্য উপযুক্ত শিক্ষক-মান নির্ধারণ, যোগ্যতা নির্ধারণী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান, নিবন্ধিত ও প্রত্যয়নকৃত শিক্ষক প্রার্থীদের তালিকা প্রস্তুতকরণসহ ক্ষেত্র বিশেষে প্রশিক্ষণ প্রদানের মত গুরুত্বপূর্ণ কার্যাবলিও এই কর্তৃপক্ষের কর্ম অধিক্ষেত্রের আওতাভুক্ত। এনটিআরসিএ প্রতিষ্ঠালগ্ন হতে অর্পিত দায়িত্বাবলি যথাসম্ভব সুষ্ঠুভাবে সম্পাদন করে চলেছে যার ইতিবাচক প্রভাব দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থাপনায় ইতোমধ্যেই দৃশ্যমান হতে শুরু করেছে।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন ২০০৫-এর ১৭(১) ধারার বিধানমতে এনটিআরসিএ'র প্রতিবছর সম্পাদিত কর্মকান্ড সমন্বয়ে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে সরকার তথা শিক্ষা মন্ত্রণালয় সমীপে উপস্থাপন করা হয়ে থাকে। প্রতিবেদনে কর্তৃপক্ষের ভিশন, মিশন, সংশ্লিষ্ট বছরে সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ, ভবিষ্যৎ পরিকল্পনাসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদির প্রতিফলন থাকে। প্রতি বছরের ন্যায় এই বছরের প্রতিবেদনেও এনটিআরসিএ সৃষ্টির পর থেকে এ যাবৎ গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফলাফলের বিস্তারিত তথ্যভিত্তিক পরিসংখ্যান এবং এনটিআরসিএ আইন ও পরবর্তীতে জারীকৃত পরিপত্রসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে, যা সংশ্লিষ্ট সকলের প্রয়োজন মেটাতে সহায়ক হবে। ভবিষ্যতে এ প্রতিষ্ঠানটি আপনাদের সক্রিয় সহযোগিতায় আরও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের প্রস্তুতি গ্রহণ করছে; যা শিক্ষাক্ষেত্রে প্রত্যাশিত পরিবর্তন ত্বরান্বিত করবে মর্মে আমি আশাবাদ ব্যক্ত করছি।

বার্ষিক প্রতিবেদন ২০১৫ প্রণয়নে যাঁরা সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি রইল আমার আন্তরিক ধন্যবাদ।

এ এম এম আজহার
মার্চ, ২০১৬ খ্রিষ্টাব্দ

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
1.	বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর সংক্ষিপ্ত পরিচিতি	১
2.	কর্তৃপক্ষের ভিশন, মিশন ও উদ্দেশ্য	২
3.	কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি	৩
4.	কর্তৃপক্ষের অধিক্ষেত্র	৩
5.	নির্বাহী বোর্ড ও এর কর্মপরিধি	৩
6.	এনটিআরসিএ কর্তৃক এ যাবৎ গৃহীত নিবন্ধন পরীক্ষাসমূহের ফলাফল	৪
7.	২০১৫ সালে অনুষ্ঠিত নির্বাহী বোর্ড সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ	৫
8.	কর্তৃপক্ষ কর্তৃক ২০১৫ সালে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি	৬
9.	অন্যান্য কার্যক্রম	৭
10.	কর্তৃপক্ষের ভবিষ্যৎ পরিকল্পনা	৭
11.	উপসংহার	৮

12. পরিশিষ্টসমূহঃ ৯

ক. বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫

খ. বেসরকারি শিক্ষক নিবন্ধন, পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধনীসহ)

গ. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের ৩০.১২.২০১৫ তারিখের পরিপত্র

ঘ. আলোকচিত্রে এনটিআরসিএ'র বিভিন্ন কর্মকান্ড

১. বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর সংক্ষিপ্ত পরিচিতিঃ

ভূমিকাঃ

জাতিকে জ্ঞানের জ্যোতিতে উজ্জ্বল করতে হলে প্রয়োজন যোগ্য ও দক্ষ শিক্ষক। দেশের শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগের লক্ষে সরকার ২০০৫ সালে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইনের আওতায় অত্র কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। সময়ের প্রয়োজনে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য সঠিক জ্ঞান ও মেধাসম্পন্ন শিক্ষক নির্বাচন করাই এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য।

প্রাতিষ্ঠানিক কাঠামো ও বর্তমান জনবলঃ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর প্রাতিষ্ঠানিক কাঠামো নিম্নরূপঃ

পদের নাম	পদের বিবরণ	বর্তমান জনবল
চেয়ারম্যান	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয় বা সরকারি কলেজের একজন প্রথিতযশা এবং প্রবীণ অধ্যাপক প্রেষণে	অতিরিক্ত সচিব ১জন প্রেষণে

পদের নাম	পদের বিবরণ	বর্তমান জনবল
সদস্য (প্রশাসন ও অর্থ)	সরকারের একজন যুগ্ম-সচিব প্রেষণে	যুগ্মসচিব ১ জন প্রেষণে
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)	সরকারের একজন যুগ্ম-সচিব প্রেষণে	যুগ্মসচিব ১ জন প্রেষণে
সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)	সরকারের একজন যুগ্ম-সচিব প্রেষণে	যুগ্মসচিব ১ জন প্রেষণে
সচিব	সরাসরি নিয়োগ/প্রেষণে নিয়োগের ক্ষেত্রে সরকারের উপ-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা	উপসচিব ১জন প্রেষণে
পরিচালক	উপসচিব পদমর্যাদার কর্মকর্তা প্রেষণে ১ জন এবং পদোন্নতির মাধ্যমে ১ জন	উপসচিব ২জন প্রেষণে
উপ-পরিচালক	সহযোগী অধ্যাপক পদমর্যাদাসম্পন্ন কমকর্তা প্রেষণে ২ জন, সহকারী পরিচালক থেকে পদোন্নতির মাধ্যমে ২ জন	সহযোগী অধ্যাপক ৪ জন প্রেষণে
সিস্টেম এনালিস্ট	Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী	০১ জন (সরাসরি নিয়োগ)
সহকারী প্রোগ্রামার	Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী	শূন্য
সহকারী পরিচালক	সরাসরি নিয়োগ	৭ জন (সহযোগী অধ্যাপক ১ জন, সহকারী অধ্যাপক ১ জন এবং হিসাবরক্ষণ কর্মকর্তা ১ জন) মোট ০৩ জন প্রেষণে, সরাসরি নিয়োগ ৪ জন।
পি.এ	পদোন্নতি/সরাসরি নিয়োগ ৪ জন	শূন্য
কম্পিউটার অপারেটর	সরাসরি নিয়োগ ৩ জন	২ জন
ডাটা এন্ট্রি অপারেটর	সরাসরি নিয়োগ ৮ জন	৬ জন
হিসাবরক্ষক	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
অডিটর	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
ক্যাশিয়ার	সরাসরি নিয়োগ ১ জন	১ জন
অফিস সুপারিন্টেনডেন্ট	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	সরাসরি নিয়োগ ১৩ জন	৮ জন
স্টোর কিপার	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
প্রকাশনা সহকারী	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
ইলেকট্রিশিয়ান	সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
ফটোকপি মেশিন অপারেটর	পদোন্নতি/সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
রিসেপশনিস্ট	সরাসরি নিয়োগ ১ জন	১ জন
লাইব্রেরি সহকারী	সরাসরি নিয়োগ ১ জন	শূন্য
ড্রাইভার	সরাসরি নিয়োগ ৫ জন	৪ জন
ডিসপ্যাচ রাইডার	পদোন্নতি/সরাসরি নিয়োগ ২ জন	শূন্য

পদের নাম	পদের বিবরণ	বর্তমান জনবল
অফিস সহায়ক	সরাসরি নিয়োগ ১৪ জন	৮ জন
নিরাপত্তা প্রহরী	৩ জন চুক্তিভিত্তিক নিয়োগ	৩ জন
মালী	১ জন চুক্তিভিত্তিক নিয়োগ	১ জন
সুইপার	২ জন চুক্তিভিত্তিক নিয়োগ	২ জন
মোট জনবল	**৮৭ জন**	**৫৫ জন**

২. এনটিআরসিএ-এর ভিশন, মিশন ও উদ্দেশ্যঃ

ক. ভিশনঃ

শিক্ষার সার্বিক গুণগত মান উন্নয়নের লক্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মেধাবী, যোগ্য ও দক্ষ শিক্ষক নির্বাচন।

খ. মিশনঃ

নিমণ মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ে বেসরকারি শিক্ষাক্ষেত্রে নিয়োজিতব্য শিক্ষকগণের জন্য যথাযথ শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে একটি ন্যূনতম শিক্ষক-মান (Teachers' Standard) নির্ধারণের লক্ষ্যে বিষয়-ভিত্তিক প্রতিযোগিতামূলক পরীক্ষা অনুষ্ঠান, উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়ন প্রদানসহ মেধাক্রম অনুযায়ী তালিকা/পুল প্রস্ততকরণ ও সংরক্ষণ। অধিকমুত্ম দেশব্যাপী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে একটি Management Information System (MIS) সৃষ্টি এবং প্রতিষ্ঠানসমূহের চাহিদার ভিত্তিতে শিক্ষকের শূন্যপদ পূরণে মেধাক্রম অনুযায়ী প্রার্থী সুপারিশ করে যথাযথ মানসম্পন্ন শিক্ষক নিয়োগ নিশ্চিতকরণ।

গ. উদ্দেশ্যঃ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর উদ্দেশ্যসমূহ নিমণরূপঃ

- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্পন্ন ও যোগ্য শিক্ষক নিয়োগের লক্ষ্যে যথোপযুক্ত শিক্ষকমান (Teachers' Standard) নির্ধারণ;
- বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রতিযোগিতামূলক নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠান এবং চাহিদানুযায়ী মেধার ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়ন প্রদান এবং নিয়োগের জন্য সুপারিশকরণ;
- মেধার ভিত্তিতে নিবন্ধিত ও প্রত্যয়নকৃত শিক্ষক-প্রার্থীগণের তালিকা/পুল প্রণয়ন ও সংরক্ষণ;
- এনটিআরসিএ আইন বলবৎ হওয়ার পূর্বে নিয়োগপ্রাপ্ত এমপিও-ভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে তাঁদের মান উন্নয়ন ও নিবন্ধন প্রদান;
- কর্মরত প্রধান শিক্ষকগণের জন্য ম্যানেজমেন্ট ট্রেনিং-এর ব্যবস্থাকরণ এবং নিবন্ধন প্রদান ;
- শিক্ষক মান উন্নয়নের মাধ্যমে শিক্ষকদের দক্ষতার বৃদ্ধি;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে সুপারিশের মাধ্যমে শিক্ষার গুণগত মানের সার্বিক উৎকর্ষ সাধনে কার্যকর ভূমিকা রাখা।

৩. কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলিঃ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপঃ

- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-চাহিদা নিরুপণ ;
- শিক্ষকতা পেশায় নিয়োগ প্রদানের যোগ্যতা নির্ধারণ ;
- জাতীয়ভাবে বেসরকারি শিক্ষক-মান নির্ধারণ;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নির্বাচনের সুবিধার্থে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের মাধ্যমে উত্তীর্ণ শিক্ষক-প্রার্থীগণের নিবন্ধন, প্রত্যয়ন ও মেধানুযায়ী তালিকা প্রণয়ন এবং নিয়োগের জন্য সুপারিশ করা;
- শিক্ষকতা পেশার উন্নয়ন এবং গুণগত মান বৃদ্ধির জন্য সরকারকে পরামর্শ দান;
- প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত শিক্ষাগত যোগ্যতার মান যাচাই ও শিক্ষকতা পেশায় অন্তর্ভুক্তি;
- এনটিআরসিএ আইন বলবৎ হওয়ার পূর্বে নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত বেসরকারি শিক্ষকদের পর্যায়ক্রমে একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে মান উন্নয়নের ব্যবস্থাকরণ ;
- উপর্যুক্ত কার্যাবলি এবং এনটিআরসিএ আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন;
- বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন এবং
- সরকার প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৪. কর্তৃপক্ষের অধিক্ষেত্র :

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্র নিম্নরূপঃ

দেশের সকল বেসরকারি নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক-সংযুক্ত উচ্চ মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং সমপর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ভোকেশনাল, টেকনিক্যাল ও বিজনেস ম্যানেজমেন্ট কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান এবং দাখিল, আলিম, ফাজিল, কামিল ও সংযুক্ত এবতেদায়ী দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদরাসাসমূহ এবং সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত।

৫. নির্বাহী বোর্ড ঃ

এনটিআরসিএ-এর নির্বাহী বোর্ডের গঠন নিম্নরূপঃ

ক.	চেয়ারম্যান, এনটিআরসিএ (পদাধিকারবলে)	-	চেয়ারম্যান
খ.	সদস্য (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ (পদাধিকারবলে)	-	সদস্য

গ. সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন),এনটিআরসিএ (পদাধিকারবলে) - সদস্য

ঘ. সদস্য (শিক্ষাতত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ (পদাধিকারবলে) - সদস্য

ঙ. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - সদস্য

চ. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর - সদস্য

ছ. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড - সদস্য

জ. শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদের নীচে নয়) - সদস্য

ঝ. অর্থ বিভাগের প্রতিনিধি (উপ-সচিব পদের নীচে নয়) - সদস্য

ঞ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের একজন অধ্যাপক (উপাচার্য কর্তৃক মনোনীত) - সদস্য

ট. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানের একজন অধ্যাপক (উপাচার্য কর্তৃক মনোনীত) - সদস্য

৬. এনটিআরসিএ কর্তৃক গৃহীত বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহের ফলাফলঃ

পরীক্ষা	কেন্দ্র	বিষয়	মোট আবেদনকারী	মোট অংশগ্রহণকারী	অংশগ্রহণের হার	উত্তীর্ণ	উত্তীর্ণের হার	সনদ বিতরণ কার্যালয়
১ম পরীক্ষা নভেম্বর ২০০৫	৬	২৩	৭৬,১৮৫	৫৯,০০০	৭৭.৫%	৩৩,৭৮৮	৫৭.২৭%	শিক্ষা বোর্ডের মাধ্যমে
২য় পরীক্ষা সেপ্টেম্বর ২০০৬	৬	১১২	১,৩১,৭৫৯	৯৯,৮০৭	৭৫.৭৫%	২২,৩১৮	২২.৩৬%	এনটিআরসিএ কার্যালয়, ঢাকা
৩য় পরীক্ষা সেপ্টেম্বর ২০০৭	২৪	১১৯	১,১৩,৯৭৫	৮৩,৮৯৯	৭৩.৬১%	১৬,০২০	১৯.০৯%	জেলা শিক্ষা অফিস
৪র্থ পরীক্ষা ডিসেম্বর ২০০৮	২০	৭৮	১,২৭,০৭৪	৯৬,০২৭	৭৫.৫৮%	৩১.,০৯৩	৩২.৩৮%	জেলা শিক্ষা অফিস
৫ম পরীক্ষা ডিসেম্বর ২০০৯	২০	৭১	১,৪১,০৮২	১,০২,৩৪৮	৭৬.৬০%	৩৯,২২৫	৩৮.৩৩%	জেলা শিক্ষা অফিস
বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০	০৭	০৪	৭,৭৬৪	৬,৯৩৬	৮৯.৩৪%	১,৩৯৫	২০.১১%	এনটিআরসিএ কার্যালয়, ঢাকা
৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১০	২০	৭৮	২,৮৩,৩১৪	২,২০,৫১৭	৭৭.৮৩%	৪২,৬৪১	১৯.৩৪%	জেলা শিক্ষা অফিস
৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১১	২০	৮০	৩,২১,৩০১	২,৫৯,১১৪	৮০.৬৪%	৫৭,২০৩	২২.৪৪%	জেলা শিক্ষা অফিস

পরীক্ষা	কেন্দ্র	বিষয়	মোট আবেদনকারী	মোট অংশগ্রহণকারী	অংশগ্রহণের হার	উত্তীর্ণ	উত্তীর্ণের হার	সনদ বিতরণ কার্যালয়
৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১২	২০	৮০	৩,১৩,১৪৫	২,৪৮,০০১	৭৯.২০%	৫৬,০৪৬	২২.৫৯%	জেলা শিক্ষা অফিস
৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৩	২০	৮০	৩,১৪,৮৮৭	২,৪২,৪৫১	৭৬.৯৯	৭৫,৮৯৮	৩১.৩০%	জেলা শিক্ষা অফিস
১০ ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪	২০	৮০	৪৪১৯৭৯	৩,৫৬,৯৬২	৮০.৭৬%	১,১৩,২৯৭	৩১.৭৪%	জেলা শিক্ষা অফিস
১১ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৪	২০	৮২	৪৪১০৭৭	৩,৫৭,৪৭২	৮১.০৪	৫১,৪০৫	১৪.৩৮%	জেলা শিক্ষা অফিস
পরীক্ষা	কেন্দ্র	বিষয়	মোট আবেদনকারী	মোট অংশগ্রহণকারী	অংশগ্রহণের হার	উত্তীর্ণ	উত্তীর্ণের হার	সনদ বিতরণ কার্যালয়
১২ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৫ (প্রিলিমিনারি)	২০	০৪	৫,৩২,৫২২	৪,৮০,৬৭০	৯০.২৬%	৭৫,৯৮৯	১৫.৮১	প্রযোজ্য নয়
১২ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা, ২০১৫ (লিখিত)	৭	৮২	৬৯,৪৮৫	৬০,৮২৯	৮৭.৬১%	৪৭,০৩৯	৭৭.৩৩%	জেলা শিক্ষা অফিস

7. ২০১৫ সালে অনুষ্ঠিত নির্বাহী বোর্ড সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহঃ

ক. শিক্ষক চাহিদা নিরুপণের লক্ষে এলাকা, পদ ও বিষয়ভিত্তিক শূন্য পদের বিবরণ আনয়নে কার্যক্রম গ্রহণ;

খ. শূন্য পদের বিপরীতে শিক্ষক নিয়োগের লক্ষে মেধাভিত্তিক প্রার্থী বাছাই ও সুপারিশ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের জন্য বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ এর কতিপয় বিধি সংশোধন, সংযোজন ও প্রতিস্থাপনের সুপারিশ;

গ. বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ সময়োপযোগী করার প্রয়োজনে পরিবর্তন/পরিবর্ধন করার লক্ষে কর্মশালা আয়োজন;

ঘ. উত্তীর্ণ প্রার্থীদের সনদে বড় ধরণের কোন ভুল থাকলে নির্ধারিত কমিটি সংশ্লিষ্ট কাগজপত্রাদি যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;

ঙ. ১) শিক্ষক নিবন্ধন সনদে ভুল সংশোধনেরক্ষেত্রে ‘বেসরকারি শিক্ষক নিবন্ধন, পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ সংশোধিত না হওয়া পর্যন্ত কোন প্রকার ফি ব্যতীত নতুন সনদ প্রদান করতে হবে;

২) এনটিআরসিএ'র পরীক্ষা বিধিমালা ২০০৬ সংশোধনকালে উপরের ঙ-১) শিক্ষক নিবন্ধন সনদে ভুল সংশোধনের পরিবর্তে সংশোধিত সনদ প্রদান ও ফি গ্রহণ বিষয়টি অন্তর্ভুক্তকরণ;

চ. ১) আগামী শিক্ষক নিবন্ধন পরীক্ষাসমূহে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষে (i) মৌখিক পরীক্ষা গ্রহণের স্থান নির্ধারণ (ii) মৌখিক পরীক্ষা বোর্ডের রূপরেখা গঠন সম্পর্কে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২) সংশোধিত বিধিমালা অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রমসহ সনদ প্রদানের লক্ষে সনদপত্রের ছক সংশোধন করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ।

৩) আগামী পরীক্ষা থেকে জাতীয় ও জেলাভিত্তিক মেধা তালিকার পাশাপাশি উত্তীর্ণ প্রার্থীদের উপজেলাভিত্তিক মেধা তালিক প্রণয়নের লক্ষে মেট্রোপলিটন এলাকারক্ষেত্রে কোন পদ্ধতিতে মেধা প্রণীত হবে সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ।

৪) একই বিষয়ে বা পদে একই নম্বর প্রাপ্ত প্রার্থীগণের মেধাক্রম কী পদ্ধতিতে নির্ধারণ করা হবে সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ।

৮. কর্তৃপক্ষ কর্তৃক ২০১৫ সালে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলিঃ

1. যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত-বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবস পালন এবং শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় উদ্যাপন;
2. ২৩.০৪.২০১৫ তারিখে বেসরকারি শিক্ষক নির্বাচন পদ্ধতিকে মেধাভিত্তিক করার লক্ষে মাননীয় শিক্ষা মন্ত্রী, শিক্ষা সচিব, দেশের প্রথিতযশা শিক্ষাবিদ, প্রতিষ্ঠান পরিচালনা কমিটির প্রতিনিধি, জেলা প্রশাসন ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, সাংবাদিক ও সমাজের অন্যান্য সস্তরের ব্যক্তিদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়;
3. মেধাভিত্তিক নতুন বেসরাকরি শিক্ষক নিয়োগ পদ্ধতি চূড়ান্ত করার জন্য ২৩.১২.২০১৫ তারিখে একটি মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষামন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য, শিক্ষা সচিব এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত

শিক্ষকবৃন্দ, দেশের প্রথিতযশা শিক্ষাবিদ, প্রতিষ্ঠান পরিচালনা কমিটির প্রতিনিধি, সাংবাদিক ও সমাজের অন্যান্য সস্তরের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন;

4. মতবিনিময় সভার মতামতের আলোকে একটি পরিবর্তিত শিক্ষক নিয়োগ পদ্ধতির প্রস্তাবনা নির্বাহী বোর্ডের অনুমোদনক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের নিকট উপস্থাপন করা হয়, যা ইতোমধ্যেই পরিপত্র আকারে জারি করা হয়েছে;
5. সমগ্র দেশের বেসরকারি শিক্ষকদের পদ ও বিষয়ভিত্তিক শূন্য পদের তথ্য সংগ্রহ;
6. ১২ জুন ২০১৫ তারিখে দ্বাদশ শিক্ষক নিবন্ধন প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ;
7. ২৮ ও ২৯ আগস্ট ২০১৫ তারিখে দ্বাদশ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষা গ্রহণ;
8. এনটিআরসিএ কার্যালয় এবং ধানমন্ডি শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টারে অবস্থিত অফিসে সিসি টিভি স্থাপনসহ শৃংখলা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ;
9. ফলাফল প্রক্রিয়াকরণ পদ্ধতি অধিকতর স্বচ্ছ, বিজ্ঞানসম্মত ও আধুনিকীকরণের মাধ্যমে ফলাফল প্রক্রিয়াকরণের সক্ষমতা বৃদ্ধি;
10. ধানমন্ডিস্থ শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টারে অবস্থিত এনটিআরসিএ'র অফিসে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন;
11. জাতীয় শুদ্ধাচার কৌশল বাসস্তবায়নের লক্ষে কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে আলোচনা সভার আয়োজন;
12. প্রচলিত নিবন্ধন সনদপত্রের ছকে পরিবর্তন;
13. এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীগণের পদ স্থায়ীকরণ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ;
14. এনটিআরসিএ'র সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদসমূহে কর্মকর্তা-কর্মচারী নিয়োগদানের পদক্ষেপ গ্রহণ;
15. এনটিআরসিএ'র কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান;
16. ২০১৪ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ;
17. ২০১৬ সালের ডায়েরি ও ক্যালেন্ডার প্রকাশ।

৯. অন্যান্য কার্যক্রমঃ

ক. প্রত্যয়নপত্র বিতরণঃ

এনটিআরসিএ'র প্রথম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৫-এ উত্তীর্ণদের প্রত্যয়নপত্র বিতরণ শুরু হয় ঢাকা শিক্ষা বোর্ডের মাধ্যমে। ২০০৬ সালে অনুষ্ঠিত দ্বিতীয় শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র ও বিশেষ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০ (কেবলমাত্র সংযুক্ত মাদরাসার এবতেদায়ী শাখার জন্য

প্রযোজ্য) এর প্রত্যয়নপত্র এনটিআরসিএ দপ্তর থেকে সরাসরি বিতরণ করা হয়। চতুর্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র আবেদনকারীর বর্তমান ঠিকানার জেলা শিক্ষা অফিস কর্তৃক বিতরণ করা হয়। ৩য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম ও একাদশ পরীক্ষার প্রত্যয়নপত্র আবেদনকারীর স্থায়ী ঠিকানার জেলা শিক্ষা অফিস হতে বিতরণ করা হয়।

খ. বার্ষিক প্রতিবেদন উপস্থাপনঃ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ এর ১৭(১) ধারার বিধানমতে কর্তৃপক্ষের কার্যাবলি সম্পর্কিত ২০১৪ সালের বার্ষিক প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে উপস্থাপন করা হয়।

গ. অনলাইনে নিবন্ধন পরীক্ষা পরিচালনা কার্যক্রমঃ

Teletalk Bangladesh Ltd.-এর সঙ্গে বিদ্যমান চুক্তির আওতায় নিবন্ধন পরীক্ষার জন্য ফরম পূরণ, ফিস গ্রহণ ইত্যাদি সকল কাজে অনলাইন ও SMS পদ্ধতির ব্যবহার।

১০. কর্তৃপক্ষের ভবিষ্যৎ পরিকল্পনাঃ

1. কর্মকর্তা ও কর্মচারীগণের পদ সংরক্ষণ, স্থায়ীকরণ, শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ ও প্রয়োজনীয়ক্ষেত্রে নতুন পদ সৃষ্টির ব্যবস্থাকরণ;
2. এনটিআরসিএ’র সাংগঠনিক কাঠামো অনুমোদন, যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে-অমর্ন্তভুক্তকরণ;
3. এনটিআরসিএ’র স্থায়ী অফিস স্থাপন;
4. এনটিআরসিএ’র সাথে সারাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নেটওয়ার্ক স্থাপন;
5. ই-ফাইলিং এবং ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ;
6. এনটিআরসিএ’র কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে এবং বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা;
7. শুদ্ধাচার কৌশল বাসত্মবায়নে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ;
8. এনটিআরসিএ‘র কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা;
9. উত্তরপত্র মূল্যায়ন, প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধনকারীদের আবেদন online service-এর মাধ্যমে গ্রহণ এবং সম্মানীসহ সব ধরণের Status Online service-এর মাধ্যমে অবহিতকরণ।
10. পরীক্ষা-সংশ্লিষ্ট পুরাতন ২০ টি জেলার জেলা প্রশাসনের কর্মকর্তা ও জেলা শিক্ষা অফিসারদের সাথে মতবিনিময় সভার আয়োজন।
11. প্রয়োজন অনুসারে স্কুল ও কলেজ পর্যায়ের নিবন্ধন পরীক্ষার সিলেবাস হালনাগাদকরণ।

উপসংহারঃ

শিক্ষার সার্বিক মান উন্নয়নের অংশ হিসেবে এনটিআরসিএ'র অধিক্ষেত্রভুক্ত সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধিকতর যোগ্য ও দক্ষ শিক্ষক নিয়োগদানের লক্ষে ২০০৫ সালে এনটিআরসিএ প্রতিষ্ঠার পর থেকে এ প্রতিষ্ঠানটি এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতি বছর অন্তত একটি পরীক্ষা গ্রহণ করে শিক্ষক হতে আগ্রহী বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ছয় লক্ষ প্রার্থীকে এ পর্যন্ত প্রত্যয়ন প্রদান করা হয়েছে। শুরুতে পরীক্ষার ফলাফল প্রক্রিয়ার কাজটি আউটসোর্সিং এর মাধ্যমে সম্পন্ন করা হলেও ক্রমান্বয়ে এনটিআরসিএ'র সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় বর্তমানে এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এনটিআরসিএ নিজেই সম্পন্ন করে থাকে। অতীতের প্রাতিষ্ঠানিক ও কারিগরি দুর্বলতা অতিক্রম করে বর্তমানে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম অত্যন্ত স্বচ্ছ ও নির্ভুলভাবে সম্পাদনে নিরন্তর প্রয়াস অব্যাহত আছে।

পরিবর্তিত প্রেক্ষাপটে শিক্ষা মন্ত্রণালয় ২০১৫ সালের শেষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য অনলাইন-এ প্রার্থী বাছাইপূর্বক শিক্ষক নিয়োগের জন্য চূড়ান্ত সুপারিশ প্রণয়নের দায়িত্ব এনটিআরসিএ-কে প্রদান করেছে। এ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের লক্ষে একটি বিশেষ সফটওয়ার প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আশা করা যায়, এ নতুন দায়িত্বও এনটিআরসিএ স্বচ্ছ ও সুষ্ঠুভাবে সম্পাদন করে শিক্ষক নিয়োগেরক্ষেত্রে নতুন দিগমেন্ত্মর উন্মোচন করবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা, সহমর্মিতা এবং পরামর্শ আন্তরিকভাবে কামনা করছি।